গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
www.doict.brahmanbaria.gov.bd

জুন ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ হাবিবুর রহমান জেলা প্রশাসক ও সভাপতি, জেলা আইসিটি বিষয়ক কমিটি
সভার তারিখ	১৯ জুন ২০২৪
সভার সময়	সকাল- ১১:৪৫ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় আইসিটি ব্যবহারের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ জানান। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন। উপস্থাপিত কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলার সকল দপ্তরকে তাদের স্ব স্ব জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) শতভাগ হালনাগাদ করার ও ই-নথি/ডি-নথিতে লাইভে থাকা দপ্তরসমূহকে তাদের দাপ্তরিক কার্যক্রম ই-নথি সিস্টেমে শতভাগ নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:

১.১ জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক পরিদর্শন/দর্শন

সংক্রান্ত তথ্য: মে ২০২৪

ক্র.ন.	কর্মকর্তাবৃন্দ	ইউডিসি পরিদর্শন
০১.	মোহাম্মদ হাবিবুর রহমান জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।	০৩ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন।
০২.	মাহমুদা আক্তার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া।	০২ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন।

১.২ উপজেলা পর্যায়ের ইউডিসির আয়, সেবাগ্রহীতার সংখ্যা এবং উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন / দর্শন ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ: মে ২০২৪

ক্র.ন.	উপজেলা	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ		ইউডিসি					
		সভা অনুষ্ঠানের তারিখ	সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা	মোট ইউডিসির সংখ্যা	ইউএনও কর্তৃক পরিদর্শন	ইউএনও কর্তৃক দর্শন	ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা)	ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা (জন)	অন্যান্য প্রশিক্ষণ
০১	সদর	২৮/০৫/২০২৪	হ্যাঁ	১১	৪	৪	৩,০৬,৩৫০/-	৭৬১০	
০২	নাসিরনগর	৩০/০৫/২০২৪	হ্যাঁ	১৩	৪	৪	১,৭০,০৬৬/-	৩৩০২	
০৩	সরাইল	২৮/০৫/২০২৪	হ্যাঁ	০৯	০	২	১,৯০,৫৬০/-	৩৫৬৪	
০৪	কসবা	২৭/০৫/২০২৪	হ্যাঁ	১০	০	২	২,৯৭,৫২০/-	১০৩০২	
০৫	আখাউড়া	২৬/০৫/২০২৪	হ্যাঁ	০৫	৪	৪	৩৩,৭১০/-	১২৮৯	
০৬	নবীনগর	২৫/০৫/২০২৪	হ্যাঁ	২১	৪	৪	৩,৫৭,০০০/-	৩৫৭০	
০৭	বাঞ্ছারামপুর	০৯/০৫/২০২৪	হ্যাঁ	১৩	২	২	১,৩০,৭০৫/-	১২৮৭৫	
০৮	আশুগঞ্জ	২৭০/০৫/২০২৪	হ্যাঁ	০৮	৪	২	৭৫,৩৭৭/-	১৮৫১	
০৯	বিজয়নগর	৩০/০৫/২০২৪	হ্যাঁ	১০	০	৬	২৯,১৮০/-	২৪৩০	

০২. সভার আলোচনা ও সিদ্ধান্ত :

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	**<u>জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য :</u>** জেলা প্রশাসক মহোদয় সভায় অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এ মাননীয় প্রধানমন্ত্রীর ২৫ দফা নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করেন। ২৫ দফার মধ্যে ১২ নম্বর দফার নির্দেশনা ছিল "সরকারি দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। নিজ নিজ জেলার সরকারের উন্নয়ন, অগ্রগতি ও সাফল্য ওয়েবসাইটের মাধ্যমে তুলে ধরতে হবে"। জেলা প্রশাসক মহোদয় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টালের বর্তমান হালনাগাদ অবস্থা জানতে চাইলে জনাব মো: সামছু উদ্দিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, জেলা পর্যায়ে ৮১ (একাশি) টি অফিসের মধ্যে ৬৭ (সাতষট্টি) টি, উপজেলা পর্যায়ে ৩২০ (তিনশত বিশ) টি অফিসের মধ্যে ২৯৯ (দুইশত নিরানব্বই) টি এবং ইউনিয়ন পর্যায়ে ১০০ (এক শত) টি ইউনিয়নের মধ্যে ৬৬ (ছেষট্টি) টি ইউনিয়নের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রয়েছে। প্রোগ্রামার আরো উল্লেখ করেন যে, উপজেলা পর্যায়ের দপ্তরসমূহে বিজয়নগর ৩৪ টির মধ্যে ৩৩ টি শতভাগ, বাঞ্ছারামপুর ৩৩ টির মধ্যে ৩১ টি শতভাগ, আখাউড়া ৩৮ টির মধ্যে	১। ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন সরকারি দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। স্ব স্ব দপ্তর সরকারের উন্নয়ন, অগ্রগতি ও সাফল্য ওয়েবসাইটের মাধ্যমে তুলে ধরবে। ২। উপজেলা নিবার্হী অফিসারগণ আগামী সভার পূর্বে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সরকারি দপ্তরের ও ইউনিয়নের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ৩। জেলা পর্যায়ের স্ব-স্ব অফিসের ওয়েব সাইট হালনাগাদ এবং তার আওতাধীন উপজেলা পর্যায়ের অফিসসমূহকে ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের বিষয়ে	১. জেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও উপজেলা নিবার্হী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া, প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল) ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	৩১ টি শতভাগ, কসবা ৩৩ টির মধ্যে ৩৩ টি শতভাগ, আশুগঞ্জ ৩৫ টির মধ্যে ৩৩ টি শতভাগ, সদর ৪২ টির মধ্যে ৪১ টি শতভাগ, সরাইল ৩৬ টির মধ্যে ৩৬ টি শতভাগ, নাসিরনগর ৩৫ টির মধ্যে ৩৪ টি শতভাগ, নবীনগর ৩৪ টির মধ্যে ২৭ টি শতভাগ হালনাগাদ রয়েছে। প্রোগ্রামার আরো বলেন, জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনা মোতাবেক জেলা এবং উপজেলার পোর্টালে জনপ্রতিনিধিদের তথ্য হালনাগাদ করা হয়েছে। পৌরসভা ও ইউনিয়ন পরিষদের তথ্য হালনাগাদ করণের জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার মহোদয়ের স্বাক্ষরে পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক মহোদয়, উপজেলা নিবার্হী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়াকে আগামী সভার পূর্বে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রত্যেক অফিসের ওয়েব সাইট হালনাগাদের দায়িত্ব স্ব-স্ব অফিসের। কোন কর্মকর্তা/কর্মচারী পরিবর্তন/বদলী হলে এবং পরিবতর্নযোগ্য কোন তথ্যাদি থাকলে নিজেরাই হালনাগাদ করবেন। কর্মকর্তা/কর্মচারী বদলী/পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি ০১ ঘন্টার মধ্যেই ওয়েব পোর্টালে হালনাগাদ করতে হবে। প্রতি দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক একজন ফোকাল পার্সন নির্বাচন করে নাম পদবি ও মোবাইল নম্বরসহ তথ্য ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। প্রকল্প সংক্রান্ত ও পাবলিক ডকুমেন্ট নিয়মিত ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে। জেলা প্রশাসক মহোদয় সভায় আরো বলেন যে, ওয়েব পোর্টাল বাংলার পাশাপাশি ইংলিশ ভার্সনেও হালনাগাদ করতে হবে। জেলা পর্যায়ের স্ব স্ব অফিস তাঁর আওতাধীন উপজেলা পর্যায়ের অফিসসমূহকে ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকি করবেন। জেলা পর্যায়ের দপ্তরসমূহ তাঁর অধীন উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের ওয়েব পোর্টালের হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন আগামী সভার পূর্বে অত্র কার্যালয়ে প্রেরণ করবেন।	প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকি করবেন। ০১ (এক) জন কর্মকর্তা/ কর্মচারীকে ওয়েব পোর্টাল ফোকাল পারসন করে তা ওয়েব সাইটে নাম, পদবি ও মোবাইল নম্বরসহ প্রকাশ করবেন। ৪। জেলা পর্যায়ের দপ্তরসমূহ তাঁর অধীন উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করবেন। ৫। প্রকল্প সংক্রান্ত ও পাবলিক ডকুমেন্ট নিয়মিত ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে এবং ওয়েব পোর্টাল বাংলার পাশাপাশি ইংলিশ ভার্সনেও হালনাগাদ রাখতে হবে। ৬। কোন কর্মকর্তা/কর্মচারী বদলী/পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি ০১(এক) ঘন্টার মধ্যেই ওয়েব পোর্টালে হালনাগাদ করতে হবে।	

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.২	**ইউডিসি সংক্রান্ত:** ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সচল ও বেগবান করার মাধ্যমে জনসাধারণকে সেবা প্রদান নিশ্চিত করা এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা নিয়মিত তাদের সেবা ও আয় সংক্রান্ত তথ্য এক সেবাতে আপলোড করে কিনা সেগুলো তদারকি করার বিষয়ে সভায় আলোচনা হয়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়, সেবাগ্রহীতার সংখ্যা, উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক দর্শন ও পরিদর্শন সংক্রান্ত ১ম পক্ষ, ২য় পক্ষ ও মাসিক তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইকুইপমেন্ট ও লজিস্টিক সাপোর্টের প্রয়োজনীয়তার বিষয়টি সভায় উপস্থাপন করেন ।	০১। ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখতে হবে। ২। ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাগণ তাদের সেবা ও আয় সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়, সেবাগ্রহীতার সংখ্যা, উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক দর্শন ও পরিদর্শন সংক্রান্ত ১ম পক্ষ, ২য় পক্ষ ও মাসিক তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত ইউনিয়ন পরিষদের তহবিল হতে ইকুইপমেন্ট ও লজিস্টিক সাপোর্ট প্রদান করতে হবে ।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২.প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৩. সহকারী প্রোগ্রামার (সকল); তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৪. উদ্যোক্তা, ইউডিসি (সকল) , ব্রাহ্মণবাড়িয়া।
২.৩	**অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ :** The Bengal Records Manual, ১৯৪৩ অনুযায়ী রেকর্ডরুম ব্যবস্থাপনায় আবেদনকারীদের আবেদনের পরিপ্রেক্ষিতে খতিয়ানের জাবেদা নকল (সিএস/এসএ/বিএস) ডাকযোগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। বর্তমানে এ সেবাকে জনগণের দোরগোড়ায় পৌছে দেবার লক্ষ্যে https://eporcha.gov.bd/ ও সকল ইউডিসি কেন্দ্র হতে অনলাইনে আবেদন গ্রহণ করে নির্ধারিত সময়ে খতিয়ানের জাবেদা নকল বা পর্চা ডাকযোগে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। ইউডিসি ও অনলাইন এর মাধ্যমে আবেদনকৃত জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি ডাক মাধ্যমে প্রেরণ অব্যাহত রাখতে হবে ।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া; সহকারী কমিশনার, রেকর্ড রুম, ব্রাহ্মণবাড়িয়া; ইউডিসি উদ্যোক্তা (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.৪	**ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি :** জেলা প্রশাসক মহোদয় সভায় সকলকে অবহিত করেন যে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৬ নম্বর নির্দেশনা, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ ও মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০১৭ তারিখের ০৪.০০. ০০০০. ৮৩১.৯৭. ০০৪. ১৫.৬৯ ও ০৪.০০.০০০০. ৮৩১.৯৭. ০০৪. ১৫.৭০ নং স্মারকসমূহে ও ই-নথি ব্যবহারের নির্দেশনা রয়েছে। সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনসাধারনকে স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্তে ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল সরকারি দপ্তরে ই-নথি ব্যবহার করে নথিপত্র/দাপ্তরিক কার্যক্রম নিষ্পত্তির বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৬ নম্বর নির্দেশনা; জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার ই-নথি/ডি-নথিতে লাইভে থাকা সকল সরকারি দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শতভাগ ই-নথি/ডি-নথি ব্যবহার করে নথিপত্র/দাপ্তরিক কার্যাদি নিষ্পন্ন করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক , রাজস্ব/সার্বিক/ শিক্ষা ও আইসিটি/ বিজ্ঞ এডিএম, ব্রাহ্মণবাড়িয়া। ২. জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ব্রাহ্মণবাড়িয়া। ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা) ৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৬. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
২.৫	**সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:** জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়ার সরকারি e-mail: dcbrahmanbaria@mopa.gov.bd এ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগসহ সকল মন্ত্রণালয় হতে প্রাপ্ত চিঠিপত্র নির্দেশনানুযায়ী ই-ফাইলিং এর মাধ্যমে নিয়মিত কার্যক্রম গ্রহণ ও নিষ্পত্তি করার বিষয়ে সভায় আলোচনা হয় । উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সকল সরকারি কর্মকর্তাদের সরকারি ই-মেইল নিয়মিত পর্যবেক্ষণ ও তদানুযায়ী পদক্ষেপ গ্রহণ করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। যে সকল দপ্তরে ই-নথি কার্যক্রম চলমান নেই, সে সকল দপ্তরের ই-মেইলে অন্যান্য অফিস হতে ই-নথিতে জারিকৃত পত্রসমূহ প্রেরণ করতে হবে।	১। সরকারি কর্মকর্তাদের ব্যক্তিগত ও অফিসের ই-মেইল নিয়মিত যাচাই এবং প্রাপ্ত ই-মেইল এর নির্দেশনানুযায়ী দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। প্রত্যেক দপ্তর প্রধান নিয়মিত তার সরকারি ই-মেইল চেক করবেন।	১. স্ব-স্ব অফিস প্রধান , ব্রাহ্মণবাড়িয়া। ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া ।
২.৬	**উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান:** উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভা আবশ্যিকভাবে আয়োজনের সরকারি নির্দেশনা রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কে নিয়মিতভাবে উপজেলা আইসিটি কমিটির মাসিকসভা আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী ই-নথি/ডি-নথির মাধ্যমে এ	প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা করে সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ ও	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২.সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	কার্যালয়ে প্রেরণ এবং উপজেলা তথ্য বাতায়নে আপলোড নিশ্চিত করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।	উপজেলা তথ্য বাতায়নে আপলোড নিশ্চিত করতে হবে।	যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
২.৭	**<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত:</u>** "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান যাতে সুষ্ঠুভাবে ল্যাব পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করেন সে বিষয়ে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করার বিষয় সভায় আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও প্রোগ্রামার নিয়মিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করেন বলে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কার্যক্রম পরিদর্শনপূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্ধারিত ছক মোতাবেক প্রতি মাসে প্রতিবেদন আকারে এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে এবং সমন্বিত পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ২। উপজেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা উপজেলা সদরের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে আয়োজন করা যেতে পারে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২. প্রোগ্রামার, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ৩. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া। ৪. সহকারী প্রোগ্রামার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
২.৮	**<u>সুরক্ষা:</u>** Covid-১৯ ভ্যাক্সিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক 'সুরক্ষা' সিস্টেম প্রস্তুত করা হয়েছে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন। এই সিস্টেমের মাধ্যমে নাগরিকগণ সহজেই ভ্যাক্সিন গ্রহণের জন্য নিবন্ধন, টিকা কার্ড ও টিকা সনদ ডাউনলোড, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন ও পাসপোর্ট নম্বর দিয়ে নিবন্ধন পরবর্তী সুরক্ষা সিস্টেমে তথ্য সংশোধন বিষয়ে সভায় আলোচনা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়ে সুরক্ষা সিস্টেমের মাধ্যমে ভ্যাক্সিন গ্রহণের জন্য নিবন্ধন, টিকা কার্ড ও টিকা সনদ ডাউনলোড করা, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন ও পাসপোর্ট নম্বর দিয়ে নিবন্ধন পরবর্তীতে সুরক্ষা সিস্টেমে তথ্য সংশোধন করার বিষয়টি জনগনকে উদ্বুদ্ধ করতে হবে।	০১. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ০২. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এবং সুরক্ষা টিম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২.৯	**<u>পৌরসভার ওয়েবসাইট সংক্রান্ত:</u>** ব্রাহ্মণবাড়িয়া জেলার পাঁচটি পৌরসভার (ব্রাহ্মণবাড়িয়া সদর, আখাউড়া, কসবা, নবীনগর, বাঞ্ছারামপুর) ওয়েবসাইট এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সরকারি বিভিন্ন সেবা জনগণের দোরগোড়ায় আরও সহজে পৌঁছে দিতে এবং তথ্যের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে পৌরসভার ওয়েবসাইট তৈরী ও হালনাগাদকৃত তথ্যের প্রাপ্যতার ব্যাপারে গুরুত্বারোপ করা হয়। এ সময় জেলা প্রশাসক মহোদয়, ব্রাহ্মণবাড়িয়া সদর, আখাউড়া, কসবা, নবীনগর ও বাঞ্ছারামপুর পৌরসভার ওয়েবসাইটের স্ট্যাটাস রিপোর্ট পরবর্তী সভায় দেওয়ার জন্য প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (তৎসংশ্লিষ্ট উপজেলা) দের নির্দেশনা প্রদান করেন।	ব্রাহ্মণবাড়িয়া সদর, আখাউড়া, কসবা, নবীনগর ও বাঞ্ছারামপুর পৌরসভার ওয়েবসাইটের বর্তমান অবস্থার স্ট্যাটাস রিপোর্ট প্রদান করতে হবে।	০১. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ০২. সহকারী প্রোগ্রামার (নবীনগর, বাঞ্ছারামপুর, সদর, আখাউড়া, কসবা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১০	**হার পাওয়ার প্রকল্প:** প্রোগ্রামার সভায় অবহিত করেন যে, তথ্য প্রযুক্তির সর্বোত্তম নিরাপদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন হার পাওয়ার প্রকল্পের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া সদর, কসবা এবং নবীনগর উপজেলায় ওমেন ই-কমার্স প্রফেশনাল ২৫ জন করে ৩টি ব্যাচ চলমান। ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ২৫ জনকে ওমেন কল সেন্টার এজেন্ট বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ০১টি করে ল্যাপটপ প্রদান করা হবে।	১। হার পাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া।, উপজেলা নিবার্হী অফিসার, সদর/কসবা/নবীনগর।, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।, সহকারী প্রোগ্রামার, সদর/কসবা/নবীনগর

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৬/২৪

মোহাম্মদ হাবিবুর রহমান
জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি

নম্বর: ৫৬.০৪.১২০০.০০০.০৬.০০১.২১.৫৬৪

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১
২৫ জুন ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম;
৩। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৪। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৫। জেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্যবৃন্দ (সকল), ব্রাহ্মণবাড়িয়া;
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া;
৭। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া;
৮। অফিস কপি।

২৫/০৬/২৪

মো: সামছু উদ্দিন
প্রোগ্রামার
ও
সদস্য সচিব
জেলা আইসিটি বিষয়ক কমিটি